# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৭০০

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৭. প্রথম অনুচ্ছেদ - মসজিদ ও সালাতের স্থান

بَابُ الْمَسَاجِدِ وَمَوَاضِعِ الصَّلَاةِ

## আরবী

وَعَن جَابر قَالَ: خَلَتِ الْبِقَاعُ حَوْلَ الْمَسْجِدِ فَأَرَادَ بَنُو سَلِمَةَ أَنْ يَنْتَقِلُوا قُرْبَ الْمَسْجِدِ فَبَلَغَ ذَلِكَ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ لَهُمْ: «بَلَغَنِي أَنَّكُمْ تُرِيدُونَ أَنْ تَنْتَقِلُوا قُرْبَ الْمَسْجِدِ» . قَالُوا: نَعَمْ يَا رَسُولَ اللَّهِ قَدْ أَرَدْنَا ذَلِكَ. فَقَالَ: «يَا بَنِي سَلِمَةَ دِيَارَكُمْ تُكْتَبْ آثَارُكُم دِيَارَكُمْ تكْتب آثَاركُم» . رَوَاهُ مُسلم

## বাংলা

৭০০-[১২] জাবির (রাঃ) ইবনু ’আবদুল্লাহ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, মসজিদে নাবাবীর পাশে কিছু জায়গা খালি হলো। এতে বানূ সালিমাহ্ গোত্র মসজিদের কাছে স্থানান্তরিত হয়ে আসতে চাইলো। এ খবর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট পৌঁছলো। তিনি বানূ সালিমাহকে বললেন, খবর পেলাম, তোমরা নাকি জায়গা পরিবর্তন করে মসজিদের কাছে আসতে চাইছো? তারা বললো, হ্যাঁ, হে আল্লাহর রসূল! আমরা এ ইচ্ছা করেছি। তখন তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বললেনঃ হে বানূ সালিমাহ্! তোমাদের জায়গাতেই তোমরা অবস্থান কর। তোমাদের ’আমলনামায় তোমাদের পায়ের চিহ্নগুলো লেখা হয়- এ কথাটি তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) দু’বার বললেন। (মুসলিম)[1]

## ফুটনোট

[1] সহীহ : মুসলিম ৬৬৫, আহমাদ ১৪৫৬৬, সহীহ ইবনু হিব্বান ২০৪২, সহীহ আল জামি‘ ৭৮৯৮।

## ব্যাখ্যা

ব্যাখ্যা: আলোচ্য হাদীস থেকে জানা যায় যে, কল্যাণসূচক কর্মসমূহ যখন কেবল আল্লাহর সন্তুষ্টির উদ্দেশে সম্পাদন করা হয় তখন তার পদচিহ্নসমূহও নেকীতে লিপিবদ্ধ করা হয়।

ইমাম ত্বীবী (রহঃ) বলেনঃ বানূ সালামাহ্ হচ্ছে আনসারীদের একটি গোত্র তাদের ব্যতীত সালামাহ্ গোত্র নামে আর কোন গোত্র ‘আরবে আর নেই।

তাদের বাড়ী-ঘর মসজিদে নাবাবী হতে অনেক দূরে ছিল। রাতের আধারে, বৃষ্টি এবং কঠিন ঠাণ্ডার সময় তারা অধিক কষ্ট করে মসজিদে গমন করতেন; তাই তারা মসজিদে নাবাবীর নিকট বসবাস করার ইচ্ছা করলেন। মদীনার চারপাশ খালি হওয়াটাকে নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম অপছন্দ করলেন। তাই তিনি তাদেরকে আল্লাহর নিকট ভালো কাজের পদক্ষেপের যে প্রতিদান রয়েছে তার প্রতি উৎসাহ প্রদান করলেন।

(كتابه) দ্বারা উদ্দেশ্য বিভিন্ন কাজ পাণ্ডুলিপিতে লেখা হয়। অর্থাৎ- অধিক পদক্ষেপ প্রতিদান বৃদ্ধির কারণ।

হাদীসে আছে যে, পুণ্য কাজগুলো যখন একনিষ্ঠভাবে হবে তখন সে পুণ্য কাজের পদক্ষেপেও পুণ্য হিসেবে লিপিবদ্ধ করা হবে।

আর বসবাস মসজিদের কাছাকাছি হওয়া ভালো। তবে তাঁর বিষয়টি আলাদা যে অধিক পরিমাণ পুণ্য অর্জন করতে চায় বেশী বেশী হেঁটে। বানূ সালামাবাসীরা মসজিদের নিকটবর্তী হওয়ার আবেদন করেছিল তাঁর মর্যাদার জন্য। তখন রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম প্রস্তাবটি নাকচ করলেন এবং তাদেরকে জানালেন বার বার দূর হতে মসজিদে আসার মর্যাদা।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=55257

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন